৭৪৭৮৮

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax: 58616681, 58617908, 9615576**

বামাশিবো/প্রশা/গাইবান্ধা-১৪৭/৪৫৬/৮ তারিখঃ ৭/০৫/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) স্মারক নং-০৫.৫৫.৩২৮২.০০২.১৭-১৩৪, তারিখ: ০৫/০৩/২০১৭খ্রি:।
(২) স্মারক নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-১৪৭/৩৪১৯ তারিখ: ০৪/০৯/২০১৬খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সাদুল্যাপুর উপজেলাধীন শাহ-জালাল দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ আল মাসুদ মন্ডলকে পরিবর্তন করে কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মোঃ মোজাম্মেল হোসেন প্রধানকে সভাপতি পদে মনোনয়ন প্রদানের জন্য মাদরাসার সুপার কাগজপত্রসহ আবেদন করেন। অপরদিকে সুপারের বিরুদ্ধে বিধি বহির্ভূতভাবে শিক্ষক প্রতিনিধি পরিবর্তন করার চেষ্টাসহ বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করে ম্যানেজিং কমিটির সভাপতি একখানা অভিযোগপত্র অত্র বোর্ডে দাখিল করেন (কপি সংযুক্ত)। তৎপ্রেক্ষিতে সূত্রস্থ ২ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্যাপুর, গাইবান্ধাকে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেওয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্যাপুর, গাইবান্ধা সূত্রস্থ ১ নং স্মারকে একটি প্রতিবেদন অত্র বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদনটি পর্যালোচনায় দেখা যায় যে, সুস্পষ্ট কোন মতামত প্রদান করা হয়নি বিধায় অধিকতর তদন্ত প্রয়োজন।

এমতাবস্থায় অভিযোগসমূহের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ----- (------) পাতা।

7.05.17
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিষ্টার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮

৭৫৫১৭৯

প্রাপকঃ জেলা প্রশাসক, গাইবান্ধা।

বামাশিবো/প্রশা/গাইবান্ধা-১৪৭/ তারিখঃ /০৫/২০১৭ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
২। উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্যাপুর, গাইবান্ধা।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাদুল্যাপুর, গাইবান্ধা।
৪। সভাপতি, ম্যানেজিং কমিটি, শাহ-জালাল দাখিল মাদরাসা, উপজেলা: সাদুল্যাপুর, জেলা: গাইবান্ধা।
৫। সুপার, শাহ-জালাল দাখিল মাদরাসা, উপজেলা: সাদুল্যাপুর, জেলা: গাইবান্ধা।।
৬। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিষ্টার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪

E:\Md.Mamun-Ar-Rashid\Committee\2017\Gaibandha\Gaibandha-147.Doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাদুল্লাপুর, গাইবান্ধা

স্মারক নং- ০৫.৫৫.৩২৮২.০০২.১৭- ১৩৪

তারিখঃ ০৫/০৩/২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়-ঃ- অভিযোগের বিষয়ে জবাব/আবেদন প্রেরণ।

সূত্রঃ নং বামাশিবো/প্রশা/গাইবান্ধা-১৪৭/৬৩১১/৩ তারিখ ০৪/০৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ উপজেলাধীন শাহজালাল দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি আল মাসুদ মন্ডলকে পরিবর্তন করে কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মোঃ মোজাম্মেল হোসেন প্রধানকে সভাপতি পদে মনোনয়ন, অপরদিকে সুপারের বিরুদ্ধে বিধি বর্হিভূতভাবে শিক্ষক প্রতিনিধি পরিবর্তন করার চেষ্টাসহ বিভিন্ন অনিয়মের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে নিম্ন স্বাক্ষরকারীরর কার্যালয়ে তদন্ত কার্য অনুষ্ঠিত হয়।
উক্ত অনুষ্ঠানে উভয়ে পৃথক পৃথক ভাবে স্বীকারোক্তি/জবাব দাখিল করেন।

এমতাবস্থায়, তাদের দাখিলকৃত স্বীকারোক্তি/জবাব এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০২(দুই) পাতা।

(মোঃ আহ্সান হাবিব)
উপজেলা নির্বাহী অফিসার,
সাদুল্লাপুর, গাইবান্ধা।

চেয়ারম্যান
ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর
ডায়রী নং ৭৩২
তারিখঃ
পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
উপরেজিঃ প্রশাঃ/কমন
প্রান/হিরক
আইসিটি/কম্পিউটার কেন্দ্র
রেজিস্ট্রার
১৯/৪/১৭

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
আর এণ্ড আই শাখা
ডাইরী নম্বর ৭২৭
১৮/৪/১৭
তাং ............ স্বাক্ষর

বরাবর,

চেয়ারম্যান,
বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড,
ঢাকা।

**বিষয় ঃ শাহ জালাল দাখিল মাদ্‌রাসা শিক্ষ প্রতিনীধি সদস্য বিধি বহির্ভূত ভাবে পরিবর্তন করা প্রসঙ্গে।**

মহাত্মন,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে, গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন শাহ জালাল দাখিল মাদ্‌রাসার ম্যানেজিং কমিটির শিক্ষক প্রতিনীধি সদস্য অত্র মাদ্‌রাসার সুপার বিধি বহির্ভূত ভাবে পরিবর্তন করার জন্য বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ডে কাগজ-পত্র দাখিল করিয়াছেন। উল্লেখ্য যে, সুপার মোঃ আব্দুল মাজেদ আকন্দ তিনি দীর্ঘদিন হতে জামায়েতের সক্রিয় সদস্য হিসেবে কাজ করে আসছেন। সেই কারণে তিনি আওয়ামীলীগ পন্থী দুই জন শিক্ষক প্রতিনীধিকে পরিবর্তন করিয়া জামায়েত পন্থী দুই জন শিক্ষ প্রতিনীধি সদস্য করার জন্য পায়তারা চালাচ্ছেন।

অতএব, মহোদয় অনুগ্রহ পূর্বক বিধি বহির্ভূত ভাবে জামায়েত পন্থী শিক্ষক প্রতিনীধি সদস্য মনোনয়ন না পায় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনার সুমহান মর্জি হয়।

তারিখ: ২৭/৮/২০১৫

নিবেদক

মো: আল-মাসুদ মন্ডল
(আল মাসুদ মন্ডল) ২৭/৮/২০১৫
সভাপতি
শাহ জালাল দাখিল মাদ্‌রাসা
ডাকঃ আব্দুল্লাপুর, উপজেলাঃ সাদুল্লাপুর
জেলাঃ গাইবান্ধা।
মোবাইল ঃ ০১৭৩৬-২০১৭২৮

৪৭৪
২০/৯/১৫

# শাহ্‌জালাল দাখিল মাদ্‌রাসা

ডাকঘরঃ আব্দুল্যাপুর, উপজেলাঃ সাদুল্লাপুর, জেলাঃ গাইবান্ধা
মাদ্‌রাসা কোড-১৪১৮৩, ইন নং-১২১৫১৯, মোবাইল নং-০১৭১৬-২৫০৮৭৫
স্থাপিত ঃ ১৯৮৫ইং।

তারিখ ঃ ২৭/১০/২০১৫ইং

বরাবর,
চেয়ারম্যান/রেজিষ্ট্রার,
বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষাবোর্ড, ঢাকা।

*বিষয় ঃ গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন শাহ্‌জালাল দাখিল মাদ্‌রাসার সভাপতি পদে ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মোঃ মোজাম্মেল হক প্রধান কে অনুমোদন দেওয়ার জন্য আবেদন।*

জনাব,

বিনীত নিবেদন এই যে, গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন শাহ্‌জালাল দাখিল মাদ্‌রাসার ম্যানেজিং কমিটি বিগত ১০/০৭/২০১৪ইং তারিখে বোর্ড কর্তৃক অনুমোদিত হয়। উক্ত কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ আল-মাসুদ মন্ডল কে সভাপতি হিসেবে অনুমোদন দেওয়া হয়। তিনি মাদ্‌রাসার কর্মকান্ডে বিভিন্ন ভাবে অবৈধ হস্তক্ষেপ করিতেছেন। ফলে মাদ্‌রাসা পরিচালনার বিশৃঙ্খলা সৃষ্টি হইতেছে এবং মাদ্‌রাসার স্বার্থ বিরোধী কার্যকলাপে লিপ্ত থাকায় মাদ্‌রাসার সুনাম ভীষণ ভাবে ক্ষতিগ্রস্ত হইতেছে। এক কথায় মাদ্‌রাসার প্রশাসন ভেঙ্গে পড়িয়াছে। এমতাবস্থায় ম্যানেজিং কমিটি তাহার উপর অনাস্থা আনিয়া সর্বসম্মতিক্রমে ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মোঃ মোজাম্মেল হোসেন প্রধান, পিতা-মৃতঃ মছির উদ্দিন প্রধান, গ্রামঃ মহেষপুর, ডাকঘরঃ আব্দুল্যাপুর, উপজেলাঃ সাদুল্লাপুর, জেলাঃ গাইবান্ধাকে সভাপতি মনোনয়ন করতঃ আপনার অনুমোদনের জন্য সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

অতএব, জনাব মোঃ আল-মাসুদ মন্ডলের স্থলে জনাব মোঃ মোজাম্মেল হোসেন প্রধানকে সভাপতি পদে অনুমোদন দেওয়ার জন্য বিনীত ভাবে আবেদন করিতেছি।

মোট ২৪ পৃষ্ঠা

নিবেদক
মোঃ আঃ মাজেদ আকন্দ ২৭/১০/২০১৫
সুপার/সম্পাদক
শাহ্‌জালাল দাখিল মাদ্‌রাসা
সাদুল্লাপুর, গাইবান্ধা।

মোঃ আব্দুল মাজেদ আকন্দ
সুপার/সম্পাদক
শাহ্‌জালাল দাখিল মাদ্‌রাসা
সাদুল্লাপুর, গাইবান্ধা
মোবাইল- ০১৭১৬-২৫০৮৭৫

*সংযুক্ত ঃ*

০১। আবেদন পত্র।
০২। ০৬-১০-২০১৫ ইং তারিখের সভার সিদ্ধান্ত।
০৩। ২৭-১০-২০১৫ ইং তারিখের সভার সিদ্ধান্ত।
০৪। পিয়ন বহির সত্যায়িত ফটোকপি।
০৫। ডাকঘরের প্রাপ্তি স্বীকার পত্র।
০৬। অনুমোদিত ম্যানেজিং কমিটির সত্যায়িত কপি।
০৭। অন্যান্য কাগজ পত্র।
০৮। ১০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট। যাহার নম্বর- DDA-6838623
তারিখঃ ২৫/১০/২০১৫ইং
০৯। দৈনিক জন সংগ্রাম পত্রিকা ফটো কপি

উল্লেখ্য যে কমিটির মেয়াদ ১৭-০৬-২০১৬ইং তারিখে শেষ হবে।

# শাহ-জালাল দাখিল মাদ্রাসা

সাদুল্লাপুর, গাইবান্ধা।
স্থাপিত ঃ ১৯৮৫ইং
কোড নং-১৪১৮৩, ইন নং-১২১৫১৯

তারিখ ঃ ...১৫/২/২০১৭ইং

বরাবর,
উপজেলা নির্বাহী অফিসার,
সাদুল্লাপুর, গাইবান্ধা।

বিষয় ঃ অত্র মাদ্রাসার সভাপতি ও সুপার উভয়ের মধ্যে দ্বন্দ মিমাংসা হওয়ায় তাহা আপনার সদয় অবগতির জন্য প্রেরণ প্রসঙ্গে।

জনাব,

যথাবিহিত সম্মান পুর্বক নিবেদন এই যে, আপনার উপজেলাধীন শাহ-জালাল দাখিল মাদ্রাসার সাবেক সভাপতি জনাব মোঃ আল-মাসুদ মন্ডল একজন পিয়ন নিয়োগকে কেন্দ্র করে বিগত ১৯/০৯/২০১৫ইং তারিখে আমি নিম্নস্বাক্ষরকারী সুপারকে ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত অনুসারে সাময়িক ভাবে বরখাস্ত করি। সাময়িক বরখাস্ত কালিন সময়ে ভারপ্রাপ্ত সাহেব ম্যানেজিং কমিটির কার্যক্রম শুরু করিলে বিভিন্ন অনিয়ম এর মাধ্যমে খসড়া ও চূড়ান্ত ভোটার তালিকা বরাবরে দাখিল করেন, যেমন একই তারিখে খসড়া ও চুড়ান্ত ভোটার তালিকা সভাপতির স্বাক্ষর ছাড়া এবং ব্যাপক প্রচার ছাড়া ভোটার তালিকা আপনার অফিসে দাখিল করেন, এই সমস্ত অনিয়মের ফলে প্রিজাইডিং অফিসার ম্যানেজিং কমিটি বিধি মোতাবেক করিতে না পাড়ায় নির্বাচন বাতিল করিয়া এডহক কমিটি করিবার জন্য সুপারিশ করেন, অতঃপর এম,পি মহদয়ের মোবাইল ফোনের নির্দেশক্রমে বিগত ১৯/০৫/২০১৬ইং তারিখে কমিটি মিটিং আহব্বান করিয়া সুপার সাহেবের সাময়িক বরখাস্ত প্রত্যাহার করিয়া মাদ্রাসার কার্যাক্রম পরিচালনার জন্য সুপার সাহেবকে নির্দেশ প্রদান করি, ইতি পুর্বে সুপার সাহেব আমাকে সভাপতি পদ হইতে বাদ দিয়া মোঃ মোজাম্মেল হোসেন কে সভাপতি হিসাবে মনোনয়ন করিয়া মাদ্রাসা বোর্ড ঢাকায় প্রেরণ করেন। কিন্তু মাদ্রাসা বোর্ড উক্ত মোজাম্মেলকে সভাপতি হিসাবে মনোনয়ন না দেওয়ায় এবং মাননীয় এম,পি মহোদয় আমাকে মোবাইল ফোনে নির্দেশ করিলে বিষয়টি উভয়ের মধ্যে মিমাংসা করা হয়।

বিধায় প্রার্থনা, মাদ্রাসাটির বৃহত্তম স্বার্থে পরবর্তী এডহক কমিটি করিবার সুপারিশ সহ তদন্ত প্রতিবেদন প্রেরনের জন্য আপনার সুমহান মর্জি হয়।

মোঃ আল-মাসুদ মন্ডল
(মোঃ আল মাসুদ মন্ডল)
সাবেক সভাপতি
শাহ-জালাল দাখিল মাদ্রাসা
সাদুল্লাপুর, গাইবান্ধা।
মোবাইল নং-০১৭৩৬২০১৭২৮।

শাহ-জালাল দাখিল মাদ্রাসা সাদুল্যাপুর গাইবান্ধা

স্থাপিতঃ ১৯৮৫

কোড নং-১৪১৮৩, ইন নং-১২১৫১৯

তাং ১৫/২/২০১৭ইং

বরাবর,

উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্যাপুর,গাইবান্ধা।

বিষয়ঃ অত্র মাদ্রাসার সভাপতি ও সুপার উভয়ের মধ্যে দ্বন্দ মিমাংসা হওয়ায় তাহা আপনার সদয় অবগতির জন্য প্রেরন প্রসঙ্গে।

জনাব,

যথাবিহিত সম্মান পূর্বক নিবেদন এই যে,আপনার উপজেলাধীন শাহ-জালাল দাখিল মাদ্রসার সভাপতি জনাব মোঃ আল-মাসুদ মন্ডল এক জন পিয়ন নিয়োগকে কেন্দ্র করে বিগত ১৯/০৯/২০১৫ইং তারিখে আমি নিম্ন স্বাক্ষরকারী সুপারকে সাময়িক ভাবে বরখাস্ত করেন,সাময়িক বরখাস্ত কালিন সময়ে ভারপ্রাপ্ত সাহেব ম্যানেজিং কমিটির কার্যাক্রম শুরু করিলে বিভিন্ন অনিয়ম এর মাধ্যমে খসড়া ও চুড়ান্ত ভোটার তালিকা আপনার বরাবরে দাখিল করেন,যেমন একই তারিখে খসড়া ও চুড়ান্ত ভোটার তালিকা সভাপতির স্বাক্ষর ছাড়া এবং ব্যাপক প্রচার ছাড়া ভোটার তালিকা আপনার অফিসে দাখিল করেন,এই সমস্ত অনিয়মের ফলে প্রিজাইডিং অফিসার ম্যানেজিং কমিটি বিধি মোতাবেক করিতে না পাড়ায় নির্বাচন বাতিল করিয়া এডহক কমিটি করিবার জন্য সুপারিশ করেন,অতঃপর এম,পি মহদয়ের মোবাইল ফোনের নির্দেশক্রমে সভাপতি সাহেব বিগত ১৯/০৫/২০১৬ইং তারিখে কমিটির মিটিং আহব্বান করিয়া সুপার সাহেবের সাময়িক বরখাস্ত প্রত্যাহার করিয়া মাদ্রসার কার্যাক্রম পরিচালনার জন্য সুপার সাহেবকে নির্দেশ প্রদান করেন,ইতি পূর্বে কমিটির সিদ্ধান্ত মোতাবেক সভাপতি আল-মাসুদ মন্ডলকে সভাপতির পদ হইতে বাদ দিয়া মোঃ মোজাম্মেল হোসেন কে সভাপতি নিযুক্ত করিয়া মাদ্রাসা বোর্ড ঢাকায় প্রেরন করা হয়।কিন্ত মাদ্রাসা বোর্ড উক্ত মোজাম্মেল হোসেন কে সভাপতি হিসাবে মনোনয়ন না দেয়ায় এবং মাননীয় এম,পি মহোদয় বিষয়টি উভয়ের মধ্যে মিমাংসার জন্য মোবাইল ফোনে তাগিদ দেওয়ায় সভাপতি ও সুপার, সহকারী শিক্ষক/কর্মচারী ও কমিটির সদস্য এবং গন্যমান্য ব্যাক্তিদের নিয়ে বিষয়টি উভয়ের মধ্যে মিমাংসা করা হয়।তখন হইতে উভয়ের অভিযোগ উভয়ে প্রত্যাহার করার সিদ্ধান্ত গ্রহন করেন।তদোবধি সভাপতি আল-মাসুদ মন্ডলের মাধ্যমে মাদ্রাসার যাবতীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা হইতেছে।কমিটি মেয়াদ শেষ হওয়ায় বিধি মোতাবেক এডহক কমিটির অনুমতি চেয়ে ৫০০/-(পাঁচ শত)টাকার ব্যাংক ড্রাফটসহ বিগত ১৬/০৮/২০১৬ইং তারিখে মাদ্রাসা বোর্ড ঢাকায় আবেদন করা হয়,অদ্যাবধি উক্ত আবেদনের কোন সুরাহা হয় নাই।

বিধায় প্রার্থনা, মাদ্রাসাটির বৃহত্তম স্বার্থে পরবর্তী এডহক কমিটি করিবার সুপারিশ সহ তদন্ত প্রতিবেদন প্রেরনের জন্য আপনার সুমহান মর্জি হয়।

(মোঃ আব্দুল মাজেদ আকন্দ)
সুপার/সম্পাদক
শাহ-জালাল দাখিল মাদ্রাসা সাদুল্যাপুর গাইবান্ধা
মোবাইল নং- ০১৭১৬-২৫৩৮৭৫

মোঃ আল-মাসুদ মন্ডল
সাবেক সভাপতি
অত্র মাদ্রাসা